(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
www.nilphamari.gov.bd
শিক্ষা ও কল্যাণ শাখা

**২০২৬ সালের এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ নায়িরুজ্জামান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ০৯/০৪/২০২৬খ্রি. |
| সভার সময় | দুপুর ০২.০০ টা । |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নীলফামারী। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । তিনি সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধিমেনে সুষ্ঠু ও সুন্দর ভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নীলফামারী জানান যে, আগামী ২১/০৪/২০২৬খ্রি. তারিখ হতে দেশব্যাপী ২০২৬ সালের এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা শুরু হবে। ২০২৬ সালে এ জেলায় এসএসসি পরীক্ষা কেন্দ্র ২৭ (সাতাশ) টি, দাখিল পরীক্ষা কেন্দ্র ০৮ (আট)টি এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্র ০৬ (ছয়) টি। সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালার আলোকে প্রয়োজনীয় নির্দেশনা এবং পরীক্ষার সাথে সম্পৃক্ত শিক্ষকগণের করণীয় সম্পর্কে সভায় আলোচনা করেন। সভায় উপস্থিত কেন্দ্র সচিব গণ নিজ নিজ পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা নিম্নরূপভাবে উল্লেখ করেনঃ

ক) **এসএসসি পরীক্ষা কেন্দ্রসমূহ :**

| ক্র. নং | উপজেলা | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারীসদর | নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় (৬২১ এ) | ১০৬২ |
| ০২ | ” | নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (৬২২বি) | ১০৬২ |
| ০৩ | ” | ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ (৬২৩ সি) | ১০৬৪ |
| ০৪ | ” | নীলফামারী নতুন দ্বি-মূখী উচ্চ বিদ্যালয় (৬২৪ডি) | ৯৯২ |
| ০৫ | ” | রাবেয়া বালিকা বিদ্যা নিকেতন (৬২৫ই ) | ৪১০ |
| ০৬ | ” | কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ (৬২৬এফ ) | ৫৫০ |
| ০৭ | ডোমার | ডোমার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (৬৩০ এ ) | ১০১৪ |
| ০৮ | ” | চিলাহাটী মার্চেন্ট উচ্চ বিদ্যালয় (৬৩১বি ) | ৬২৪ |
| ০৯ | ” | চিলাহাটী গালর্স স্কুল এন্ড কলেজ (৬৩২ সি ) | ৩৬৫ |
| ১০ | ” | ডোমার বহুমূখী উচ্চ বিদ্যালয় (৬৩৩ ডি ) | ৮৮৭ |
| ১১ | জলঢাকা | জলঢাকা পাইলট উচ্চ বিদ্যালয় (৬৩৫ এ ) | ১৪১২ |
| ১২ | ” | মীরগঞ্জ হাট উচ্চ বিদ্যালয় (৬৩৬বি ) | ১০০০ |
| ১৩ | ” | জলঢাকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় (৬৩৭সি ) | ১১১০ |
| ১৪ | ” | টেঙ্গনমারী বহুমূখী উচ্চ বিদ্যালয় (৬৩৮ডি ) | ১০৩১ |
| ১৫ | কিশোরগঞ্জ | কিশোরীগঞ্জ বহু মূখী উচ্চ বিদ্যালয় (৬৪০ এ ) | ৭০৪ |
| ১৬ | ” | রণচন্ডী স্কুল এন্ড কলেজ (৬৪১বি) | ৫৪৯ |
| ১৭ | ” | কিশোরীগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (৬৪২সি ) | ৮০০ |
| ১৮ | ” | শিশু নিকেতন স্কুল এন্ড কলেজ (৬৪৩ডি ) | ৫১৭ |
| ১৯ | ডিমলা | ডিমলা রাণী বৃন্দারাণী সরকারি উচ্চ বিদ্যালয় (৬৪৫এ ) | ৫৬৪ |

| | | | |
|---|---|---|---|
| ২০ | ” | খগা খড়িবাড়ী বহুমুখী উচ্চ বিদ্যালয় (৬৫৪ এফ ) | ৬৪৪ |
| ২১ | ” | ডিমলা আদর্শ উচ্চ বিদ্যালয় (৬৪৭ সি ) | ৮১৫ |
| ২২ | ” | নাওতারা গালর্স স্কুল এন্ড কলেজ (৬৪৮ডি) | ৭৮০ |
| ২৩ | ” | আদাবাড়ী স্কুল এন্ড কলেজ (৬৪৯ই ) | ৫৬৭ |
| ২৪ | সৈয়দপুর | সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয় (৬৫০এ ) | ১০২০ |
| ২৫ | ” | সৈয়দপুর ক্যান্ট: পাবলিক স্কুল এন্ড কলেজ (৬৫১বি ) | ৫৮৫ |
| ২৬ | ” | সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজ (৬৫২সি ) | ৯৮৩ |
| ২৭ | ” | লায়ন্স স্কুল এন্ড কলেজ (৬৫৩ডি ) | ৫১৫ |
| | | মোট= | ২১৬২৬ জন |

খ) **দাখিল পরীক্ষা কেন্দ্র সমূহ :**

| ক্র. নং | উপজেলা | পরীক্ষা কেন্দ্রে রনাম | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারী সদর | নীলফামারী আলিয়া ফাযিল মাদ্রাসা (৩৯২) | ৪৮৩ |
| ০২ | সৈয়দপুর | সোনাখুলী মুন্সিপাড়া কামিল মাদ্রাসা (৩৯৩) | ৪৫৭ |
| ০৩ | জলঢাকা | ছিটমীরগঞ্জ শালন গ্রাম ফাযিল মাদ্রাসা (৩৯৪) | ১০৪০ |
| ০৪ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ কেশবা সিনিয়র মাদ্রাসা (৩৯৫) | ৬২৩ |
| ০৫ | ডোমার | ডোমার ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা (৩৯৭) | ৪৮০ |
| ০৬ | ডিমলা | ডিমলা ফাযিল মাদ্রাসা (৩৯৬-১) | ৩৬৬ |
| ০৭ | ” | ছোটখাতা বহুমুখী ফাযিল মাদ্রাসা (৮২১-২) | ৫১০ |
| ০৮ | সদর | চান্দের হাট কামিল (এম.এ) মাদ্রাসা (৯২৪) | ৫৪৯ |
| | | মোট= | ৪৫০৮ জন |

**গ) এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্রসমূহ :**

| ক্র. নং | উপজেলা | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারীসদর | নীলফামারী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (১৪০২০) | ৬৩৮ |
| ০২ | ডিমলা | ডিমলা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (১৪১৪৬) | ৩০৯ |
| ০৩ | সৈয়দপুর | সৈয়দপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (১৪১৪৫ ) | ১৯৮ |
| ০৪ | জলঢাকা | জলঢাকা পাইলট হাইস্কুল (১৪০০৮ ) | ২২৯ |
| ০৫ | ডোমার | মটুকপুর ভোকেশনাল উচ্চ বিদ্যালয়, বোড়াগাড়ী (১৪০১০ ) | ১৫৩ |
| ০৬ | কিশোরগঞ্জ | কিশোরীগঞ্জ বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয় (১৪০১১) | ২২৭ |
| | | মোট= | ১৭৫৪ জন |

**ঘ) দাখিল (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্রসমূহ :**

| ক্র. নং | উপজেলা | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারী সদর | নীলফামারী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (১৪০২০) | - |
| ০২ | ডিমলা | ডিমলা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (১৪১৪৬) | ১৫ |
| ০৩ | সৈয়দপুর | সৈয়দপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (১৪১৪৫) | ৬ |
| ০৪ | জলঢাকা | জলঢাকা পাইলট হাইস্কুল (১৪০০৮) | ২২ |
| ০৫ | ডোমার | মটুকপুর ভোকেশনাল উচ্চ বিদ্যালয়, বোড়াগাড়ী (১৪০১০) | - |
| ০৬ | কিশোরগঞ্জ | কিশোরীগঞ্জ বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয় (১৪০১১) | |
| | | মোট= | ৪৩ জন |

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নীলফামারী সভায় উপস্থিত কেন্দ্র সচিবদের জানান যে, পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী পরীক্ষা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কার্যবিবরণীর নির্দেশাবলী পাঠকরে শোনান এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টস কলকে অনুরোধ করেন। অত:পর পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা ক্রমে বিস্তারিত আলোচনান্তে সকলের সম্মতি ক্রমেনিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। বোর্ডের পরীক্ষা সংক্রান্ত পরিবর্তিত নির্দেশনাবলী অনুসরণ করে পরীক্ষা গ্রহণ করতে হবে। পরীক্ষার দিন গুলোতে ট্রেজারী/থানার মালখানায় রক্ষিত প্রশ্নপত্রের ট্রাঙ্ক খোলার সময় সংশ্লিষ্ট প্রশ্নপত্রের ট্রাঙ্ক কিনা তা অধিকতর সতর্কতার সাথে সঠিকভাবে যাচাই করতে হবে। **উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি) নিজে উপস্থিত থেকে ট্যাগ অফিসার এবং কেন্দ্র সচিবকে দায়িত্বরত পুলিশ কর্মকর্তার উপস্থিতিতে প্রশ্নপত্র হস্তান্তর করবেন।**

০২। ট্রেজারী/থানা/ব্যাংক হতে প্রশ্নপত্র গ্রহণের সময় উপজেলা নির্বাহী অফিসার/দায়িত্ব প্রাপ্তম্যাজিস্ট্রেট/ পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব বা তার মনোনীত প্রতিনিধি, পরীক্ষা কেন্দ্রের ট্যাগ অফিসার এবং প্রযোজ্য ক্ষেত্রে ট্রেজারী অফিসার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, ব্যাংকের ম্যানেজারকে অবশ্যই স্বশরীরে উপস্থিত থেকে প্রশ্নপত্রের দৈনন্দিন ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা (সেট) যাতে সঠিক ভাবে ব্যবহার করা হয়তা নিশ্চিত করতে হবে। এছাড়া প্রশ্নপত্রের ট্রাঙ্ক খোলা এবং পুনরায় সীলগালা করার সময় উপজেলা নির্বাহী অফিসার/ট্রেজারী অফিসার/দায়িত্ব প্রাপ্ত ম্যাজিস্ট্রেট, ট্যাগ অফিসার, ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাকে কঠোর সতর্কতা ও নিরাপত্তা মূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিদিনের সেটের তথ্য সম্বলিত একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং সেখানে সকলে স্বাক্ষর করবেন।

০৩। প্রত্যেক উপজেলা নির্বাহী অফিসার স্ব-স্ব উপজেলাধীন পরীক্ষা কেন্দ্রসমূহে ট্যাগ অফিসার নিয়োগ করবেন। ট্যাগ অফিসারগণ ট্রেজারী/থানা/ব্যাংক এর নিরাপত্তা হেফাযত হতে কেন্দ্র সচিব বা তার মনোনীত প্রতিনিধি সহ কেন্দ্রের দূরত্ব অনুযায়ী প্রয়োজনীয় সময় পূর্বে পুলিশ প্রহরায় প্রশ্নপত্র কেন্দ্রে পৌঁছাবেন। রুটিন অনুযায়ী নির্ধারিত দিন ও তারিখের MCQ ও রচনা মূলক/সৃজনশীল উভয় সেটের প্রশ্নপত্র কেন্দ্রে নিতে হবে। কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), কেন্দ্রসচিব ও পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুযায়ী সেট নির্দেশিকা মোতাবেক প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে এবং প্যাকেটের উপর প্রত্যয়ন দিতে হবে।

০৪। কেন্দ্র সচিব এবং ট্যাগ অফিসার প্রত্যেক পরীক্ষার দিন সঠিক বিষয়ের উভয় সেটের প্রশ্ন কেন্দ্রে আনয়ন করবেন। প্রশ্নের প্যাকেট খোলার পূর্বে ঐ দিনের সেট নির্দেশিকায় বর্ণিত সেট ও প্রশ্নের প্যাকেটে উল্লেখিত সেট একই কিনা সে টিনিশ্চিত করবেন। অত:পর প্রশ্নের প্যাকেট খুলবেন। **ট্যাগ অফিসার যথা সময়ে উপস্থিত না হলে কেন্দ্র সচিব তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) উপস্থিত না থাকলে কেন্দ্র সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি, ০১৭৩৩-৩৯০৬৫১) নীলফামারীকে অবহিত করবেন।**

০৫। কেন্দ্র সচিব পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিসার, ভেন্যু কেন্দ্র থাকলে প্রত্যেক ভেন্যুর জন্য ০১ জন সহকারী সচিব, ০১ জন হল সুপার, প্রতি ২০ জন পরীক্ষার্থীর জন্য ০১ জন হিসেবে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পর্যবেক্ষক নিযুক্ত করতে হবে। উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে আলোচনাক্রমে কক্ষ পর্যবেক্ষক নির্বাচন করতে হবে। কক্ষ পর্যবেক্ষক নিয়োগের ক্ষেত্রে কেন্দ্র বিদ্যালয়ের শিক্ষকদের সকলকে নিযুক্ত করতে হবে। কেন্দ্র বিদ্যালয়ের শিক্ষকদের কক্ষ পর্যবেক্ষক হিসেবে নিযুক্তির পর আর ও কক্ষ পর্যবেক্ষক প্রয়োজন হলে সংশ্লিষ্ট কেন্দ্রভুক্ত নয় এমন বিদ্যালয়ের শিক্ষকদের কক্ষ পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত করতে হবে। তবে কেন্দ্র ভুক্ত বিদ্যালয়ের কোন শিক্ষককে কক্ষ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ দেয়া যাবেনা। কোন কক্ষে ২০ জন বা তার কম হলে ও উক্ত কেন্দ্রে কম পক্ষে ০২ জন কক্ষ পর্যবেক্ষক নিযুক্ত করতে হবে।

০৬। পরীক্ষা শুরুর কম পক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী নির্ধারিত সময়ের ৩০ মিনিটের মধ্যে পরীক্ষা কেন্দ্রে আসলে রেজিস্টারে নাম, রোল নম্বর, প্রবেশের সময় ও বিলম্বের কারণ উল্লেখ করতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন কেন্দ্রের কেন্দ্র সচিব সংশ্লিষ্ট বোর্ড কে অবহিত করবে। তবে পরীক্ষা শুরুর ১৫ (পনের) মিনিট পর কোন পরীক্ষার্থীর পরীক্ষা কেন্দ্রে প্রবেশ বা পরীক্ষা গ্রহণে অনুমতি প্রদান করা যাবে না কিন্তু ক্ষেত্র বিশেষে কেন্দ্র সচিব এ সময়সীমা ৩০ (ত্রিশ) মিনিট পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কোন ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। কেন্দ্রের প্রবেশদ্বা রেসি.সি ক্যামেরা স্থাপন করতে হবে।

০৭। কেন্দ্র সচিব এর ছেলে, মেয়ে কিংবা নিকট আত্মীয় অত্র শিক্ষা বোর্ডের যে কোন কেন্দ্রের পরীক্ষার্থী থাকলে তিনি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব-এর দায়িত্ব পালন করতে পারবেন না। এ ক্ষেত্রে সহকারী প্রধান শিক্ষক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ঐ কেন্দ্রের কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। কেন্দ্র সচিব গণপরীক্ষার কক্ষে দেয়াল ঘড়ির ব্যবস্থা করবেন।

০৮। শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধপ্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতিলেখক (স্ক্রাইব) নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে শিক্ষা বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। শ্রুতিলেখক নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণকারী বুদ্ধিপ্রতিবন্ধী এবং শ্রবণপ্রতিবন্ধী (মুক ও বধির) পরীক্ষার্থীদের অতিরিক্ত ২০ (কুড়ি) মিনিট সময় বরাদ্দ করতে হবে। (অটিস্টিক, ডাউনসিনড্রোম, সেরিব্রালপলসি) পরীক্ষার্থীদের নীতিমালার আলোকে পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এ ধরনের পরীক্ষার্থীদের অভিভাবক ৩০ মিনিট পরীক্ষার সময় বর্ধিতকরণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে পারবেন।প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউনসিনড্রোম, সেরিব্রালপলসি) পরীক্ষার্থীদের উত্তর পত্রসমূহ আলাদা প্যাকেট করে প্যাকেটের গায়ে প্রতিবন্ধী লিখে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

০৯। পরীক্ষা শুরু হওয়ার কিছুক্ষণ পরে অবশ্যই কেন্দ্র সচিব নিজ দায়িত্বে প্রতিটি কক্ষের পরিদর্শকের নিকট হতে অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র ও উত্তর পত্র সংগ্রহ করে নিরাপদ হেফাজতে রাখবেন। প্রশ্নপত্র গ্রহণের পর হতে পরীক্ষা শেষ না হওয়া অবধি প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের অনুরোধ জানানো হয়।

১০। ০৬ ফুট বা তার অধিক লম্বা প্রতিবেঞ্চে ০২ (দুই) জনের এবং ০৬ ফুটের চেয়ে কম লম্বাবেঞ্চে ০১ (এক) জনের আসন ব্যবস্থা করতে হবে। এর ব্যতিক্রম ভাবে আসন ব্যবস্থা করলে তার জন্য সৃষ্ট সমস্যার দায়-দায়িত্ব কেন্দ্র সচিব একক ভাবে বহন করবেন। আসনগুলো এমন ভাবে সাজাতে হবে যাতে একটি হতে অন্যটির কমপক্ষে ০৩ ফুট দূরত্ব বজায় থাকে। আসন বিন্যাসের একাধিক কপিগেটসহ অন্যান্য প্রকাশ্য স্থানে ঝুলিয়ে দিতে হবে।

১১। পরীক্ষা শেষ হওয়ার পর সংশ্লিষ্ট বোর্ডের নির্দেশনা অনুযায়ী উত্তরপত্র বোর্ডে প্রেরণ করতে হবে। পরীক্ষার সময়সূচি অনুযায়ী পরীক্ষা শেষে,

বিকেলে পরীক্ষা না থাকলে  ঐ দিনই বিকেল ৫.০০ টার মধ্যে এবং বিকেলে পরীক্ষা থাকলে সন্ধ্যা ৭.০০টার মধ্যে ও এমআর এর ছেঁড়া প্রথম অংশ যথাযথভাবে প্যাকেট করে ডাকযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ জন্য পরীক্ষার দিন অতিরিক্ত সময় পর্যন্ত পোস্ট অফিস খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পোস্টমাস্টার, নীলফামারী প্রধান ডাকঘর, নীলফামারীকে অনুরোধ করা হল । তিনি নীলফামারী প্রধান ডাকঘর খোলা রাখাসহ এ  জেলার সকল উপজেলার ডাকঘর খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন ।

১২। সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা গ্রহণে আইন-শৃঙ্খলারক্ষা এবং সংশ্লিষ্ট কেন্দ্র সচিব (বিশেষ ক্ষেত্রে কেন্দ্র সচিবের লিখিত মনোনীত প্রতিনিধি) পুলিশ প্রহরায় ট্রেজারী/থানা/ব্যাংক লকার হতে প্রশ্নপত্র গ্রহণ করে পরীক্ষা কেন্দ্রে পৌঁছানো এবং ট্যাগ অফিসার, কেন্দ্র সচিব ও পুলিশ কর্মকর্তা অর্থাৎ এই ৩ জনের উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুযায়ী প্রশ্ন পত্রের প্যাকেট খোলা ও প্রত্যয়নপত্র প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের জন্য পুলিশ সুপার, নীলফামারীকে অনুরোধ করা হয় । তাকে দায়িত্বপ্রাপ্ত পুলিশ সদস্য যাতে কেন্দ্রের মধ্যে মোবাইল ফোন ব্যবহার করতে না পারে সে ব্যবস্থা নিতে অনুরোধ করা হল। থানা হতে প্রশ্ন কেন্দ্রে পরিবহনের সময় যাতে দায়িত্বরত পুলিশ সদস্যগণ স্মার্ট/এন্ড্রোয়েড ফোন ব্যবহার না করতে পারে  সে বিষয়ে অনুরোধ করা হল।

১৩। জেলা সদরের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণ পরীক্ষা কেন্দ্রসমূহের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য পরীক্ষার দিন এসএসসি কেন্দ্রগুলোর ২০০ গজের, দাখিল কেন্দ্রগুলোর ১০০ গজের এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কেন্দ্রগুলোর ২০০ মিটারের অভ্যন্তরে ফৌ: কা: বি: ১৪৪ ধারা জারী করবেন । পরীক্ষা কেন্দ্রসমূহে ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারীকে অনুরোধ করা হয় । পরীক্ষা কেন্দ্রের আশে পাশে আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

১৪। পাবলিক পরীক্ষা সমূহ (অপরাধ) আইন, ১৯৮০ কঠোর ভাবে প্রয়োগ করতে হবে। প্রশ্নপত্র ফাঁস কিংবা পরীক্ষার্থীদের নিকট উত্তর সরবরাহে জড়িত ব্যক্তি বর্গের বিরুদ্ধে আইন গত ব্যবস্থা গ্রহণ করা হবে । সামাজিক যোগাযো গমাধ্যমে প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত গুজব কিংবা একাজেতৎপর চক্রগুলোর কার্যক্রমের বিষয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সরকারের সংশ্লিষ্ট বিভাগ সমূহের নজর দারী জোরদার করার জন্য পুলিশ সুপার, নীলফামারী, কোম্পানীকমান্ডার, র্যাব-১৩ নীলফামারী এবং উপ-পরিচালক , এনএসআই নীলফামারীকে অনুরোধ করা হয়। পরীক্ষা কেন্দ্রের আশেপাশে পরীক্ষার্থীদেরকে যাতে ট্রাফিকজ্যামে পড়তে না হয় সে জন্য অতিরিক্ত ট্রাফিক পুলিশ নিয়োগ করাসহ বিশেষ ভাবে আইনশৃঙ্খলা পরিস্থিতির কোন প্রকার অবনতি যাতে না হয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, নীলফামারীকে পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয় ।

১৫। পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য জেলা প্রশাসন, আইন-শৃঙ্খলাবাহিনীর পাশাপাশি বাংলাদেশ সেনাবাহিনী ও দায়িত্ব পালনক রবেন।

১৬। পরীক্ষাসুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণের জন্যপ্র য়োজনীয় সংখ্যক ভিজিলেন্স টিম গঠন করতে হবে ।

১৭। পরীক্ষার দিনগুলোতে পরীক্ষা চলাকালীন সময়ে প্রত্যেকটি পরীক্ষা কেন্দ্রে চিকিৎসক নিয়োগ এবং মেডিকেল টিম গঠনের জন্য সিভিল সার্জন, নীলফামারীকে অনুরোধ করা হয় ।

১৮। কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেউ কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেনা । (কেন্দ্র সচিব শুধুমাত্র বাটনযুক্ত ফিচার ফোন ব্যবহার করতে পারবেন) ।

১৯। অনিবার্য কারণে পরীক্ষা শুরু করতে বিলম্ব হলে পরীক্ষা শুরুর সময় হতে প্রশ্ন পত্রে উল্লেখিত নির্ধারিত সময় পর্যন্ত পরীক্ষা গ্রহণ করতে হবে ।

২০। পরীক্ষা কেন্দ্রে উদ্ভুত যে কোন পরিস্থিতিতে সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনার মাধ্যমে স্থানীয়ভাবে তা সমাধানের ব্যবস্থা করতে হবে । যে কোন আকস্মিক দুর্যোগ বা বিশেষ পরিস্থিতিতে পরীক্ষা অনুষ্ঠানে কোন বিঘ্ন না হয় সে জন্য পর্যাপ্ত পূর্ব  প্রস্তুতি নিশ্চিত করতে কেন্দ্র সচিবগণকে অনুরোধ করা হয় । খারাপ আবহাওয়ার কারণে আলো স্বল্পতায় যাতে পরীক্ষা সাময়িক ভাবে বন্ধ না থাকে সে জন্য কেন্দ্র সচিব কে পর্যাপ্ত মোমবাতি ও এনার্জি বাল্ব এর ব্যবস্থা করবেন।

২১। পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের বিশেষ করে ছাত্রীরা যাতায়াতের ক্ষেত্রে যেন কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সম্মুখীন না হয় তা নিশ্চিত করা হবে ।

২২। পরীক্ষা কেন্দ্রে প্রবেশকালে গেইটে পরীক্ষার্থীদের (ছাত্রীদের জন্য মহিলা শিক্ষক/আয়া দ্বারা) দেহ তল্লাশী করে নকল এবং নিষিদ্ধ সামগ্রী ব্যতীত ছাত্র-ছাত্রীদের পরীক্ষার কক্ষে প্রবেশের ব্যবস্থা করতে হবে । কক্ষ পরিদর্শক এবং কেন্দ্রের স্টাফদের মোবাইল এবং নিষিদ্ধ সামগ্রী ব্যতীত প্রবেশ উক্ত প্রতিষ্ঠানের কেন্দ্র সচিব নিশ্চিত করবেন। কোন পরীক্ষার্থীর প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ব্যতিত নিষিদ্ধ সামগ্রী যথা-কোন বই, মোবাইল ফোন, যে কোন ইলেকট্রনিক ডিভাইস বা অন্য কোন কাগজপত্র পরীক্ষা কক্ষের অভ্যন্তরে আনতে পারবে না । যদি কোন পরীক্ষার্থীর নিকট প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ব্যতীত কোন বই, মোবাইল ফোন, অন্য কোন কাগজপত্র বা কোন ইলেক্ট্রনিক ডিভাইস পাওয়া গেলে তাকে বহিস্কারসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে মোবাইল কোর্ট আইন, ২০০৯ মোতাবেক ব্যবস্থা নেয়া হবে ।  কোন পরীক্ষার্থীর নিকট নকল বা নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তল্লাশীর কাজে দায়িত্বরতদের বিরুদ্ধে সঠিকভাবে তল্লাশীপূর্বক প্রবেশ নিশ্চিত না করার জন্য ব্যবস্থা নেয়া হবে। ছাত্রীদের তল্লাশীর জন্য গেইটে রুমের ব্যবস্থা না থাকলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে কালো কাপড় দ্বারা চেকিং বুথ স্থাপন করতে হবে। যে সব কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা বেশি সেসব কেন্দ্রে একাধিক বুথ স্থাপন করতে হবে।

২৩। সরকারী নির্দেশনা অনুযায়ী নীলফামারী জেলার সকল ধরণের কোচিং সেন্টার বন্ধ থাকবে। পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্ব হতে পরীক্ষা শেষ হওয়ার ১ ঘন্টা পর পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের আশেপাশে ফটোকপির দোকান ও লাইব্রেরি বন্ধ রাখতে হবে । পরীক্ষা চলাকালীন সময়ে সাউন্ড সিস্টেম, মাইকিং ও সকল প্রকার প্রচার প্রচারনা বন্ধ রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সকল, নীলফামারী এবং সকল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২৪। পরীক্ষার দিন পরীক্ষা চলাকালীন সময়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিমিটেড, নীলফামারী ও জেনারেল ম্যানেজার, নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, নীলফামারীকে অনুরোধ করা হয় । পরীক্ষার রুমে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে কেন্দ্র সচিবদের অনুরোধ করা হয় ।

২৫। সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, নীলফামারী মহোদয়ের ওয়েব সাইট www.nilphamari.gov.bd তে দেয়া হবে । সেখান থেকে কেন্দ্র সচিবগণ ডাউনলোড করে নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

২৬। নিয়ন্ত্রণ কক্ষ : দৈনন্দিন পরীক্ষার তথ্য পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট বোর্ডের কন্ট্রোল রুমে এবং জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারীতে স্থাপিত কন্ট্রোল রুম **(টেলিফোন: ০২৫৮-৯৯৫৫৫৩০, মোবাইল : ০১৭৭৪২৪৭৯০৮ ও ০১৩১৭-১৫৮৯৭৭) বিশেষ বাহক মারফত/টেলিফোনে জানানোর জন্য উপজেলা নির্বাহী অফিসারগণ/কেন্দ্র সচিবগণকে বিশেষভাবে অনুরোধ করা হয় ।**

২৭। পরীক্ষা সংক্রান্ত সার্বিক সহযোগিতার দায়িত্বে থাকবেন জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, শিক্ষা ও কল্যাণ শাখা, নীলফামারী কালেক্টরেট, নীলফামারী (মোবাইল : ০১৬০২-৭৭০৮৮০) । এছাড়াও শিক্ষা ও কল্যাণ শাখা, নীলফামারী কালেক্টরেট এর (টেলিফোন নম্বর: **০২৫৮-৯৯৫৫৫৩০**) এ যোগাযোগ করবেন ।

২৮। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষার প্রশ্নফাঁসের গুজব রোধসহ নকলমুক্ত, সুশৃঙ্খল, সুন্দর ও সুষ্ঠু পরিবেশে যথানিয়মে পরীক্ষা গ্রহণে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৯। **বিবিধ আলোচনাঃ ২০২৬ সালের এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার সকল কেন্দ্রের প্রতিটি রুমে শিক্ষা বোর্ডসমূহের নির্দেশনা মোতাবেক সিসিটিভি বাধ্যতামূলকভাবে স্থাপন করতে হবে। সিসিটিভিতে ধারণকৃত সকল রেকর্ড প্রতি ০৭ (সাত) দিন পর পর শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক প্রদত্ত ইমেইলে প্রেরণ করতে হবে।**

১৯-০৪-২০২৬
মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা প্রশাসক

**নম্বর:** ০৫.৪৭.৭৩০০.০০০.০২০.৩৩.০০০৩.২৬.৭৮

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৩। পুলিশ সুপার, নীলফামারী।
৪। সিভিল সার্জন, নীলফামারী।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(রাজস্ব)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/সার্বিক, নীলফামারী।
৮। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী।
৯। নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
১০। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, ..............................শাখা, নীলফামারী কালেক্টরেট ।।
১১। সহকারী কমিশনার, ট্রেজারী শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
১২। কোম্পানী কমান্ডার, র‌্যাব-১৩, নীলফামারী ।।

১৩। উপ-পরিচালক, এনএসআই, নীলফামারী।
১৪। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী।
১৫। উপ-পরিচালক, ..........................................................................................নীলফামারী।
১৬। পোস্ট মাস্টার, নীলফামারী প্রধান ডাকঘর, নীলফামারী।
১৭। নির্বাহী প্রকৌশলী, নেসকো লি, নীলফামারী/জেনারেল ম্যানেজার, নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, নীলফামারী।
১৮। জেলা তথ্য অফিসার, নীলফামারী।
১৯। জনাব ......................................................................................................, নীলফামারী।
২০। সচিব অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..............................................................নীলফামারী । এবং
২১। অফিস কপি, ।।

১৯-০৪-২০২৬
মোঃ আসাদুজ্জামান
সহকারী কমিশনার